

বটিয়াঘাটা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কমিটির জুলাই/২০২১ খ্রিঃ মাসের সভার

সভাপতি : জনাব চঞ্চলা মণ্ডল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।


সভার তারিখ : ০১/০৭/২০২১খ্রিঃ।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা হাজিরা শিটে সংরক্ষিত আছে।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত মে/২০২১ খ্রিঃ মাসের মাসিক সভার কার্যবিবরণী পাঠান্তে কোনরূপ সংশোধনী ছাড়াই তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। সভায় বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।


ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
১।	উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স বিষয়ক	সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ভিতর একটি পাবলিক শৌচাগার প্রয়োজন। কোভিড-১৯ টিকা কার্যক্রম চলমান থাকায় জনগনের ব্যাপক আগমনের ফলে স্যানিটেশন সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে।	বিষয়টি প্রস্তাব আকারে উপজেলা পরিষদের কমিটির পরবর্তী মাসিক সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।
২।	কমিউনিটি ক্লিনিক সংক্রান্ত	সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, বেশ কয়েকটি কমিউনিটি ক্লিনিকে প্রবেশের রাস্তা নেই, তাছাড়া কমিউনিটি ক্লিনিকের সীমানা প্রাচীর নেই। এর ফলশ্রুতিতে এ সকল সমস্যার কারণে সেখানে সেবা কার্যক্রম ব্যাহত হচ্ছে। যা ২০২০ সালের জুলাই মাসের সভায় উপস্থাপন করা হয়েছিল।	সমস্যা কবলিত কমিউনিটি ক্লিনিক গুলির সীমানা প্রাচীরসহ ও রাস্তা নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়।
৩।	পরিবার পরিকল্পনা বিভাগের আলোচনা	সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, কোভিড-১৯ চলাকালে স্বাস্থ্য বিধি মেনে পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। আগামী ১৫ আগস্ট জাতীয় শোক দিবস যথাযথভাবে উদযাপনের লক্ষ্যে ব্যাপক প্রস্তুতি গ্রহণ করা হয়েছে।	সকল কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
 (চঞ্চলা মণ্ডল)  
 মহিলা ভাইস চেয়ারম্যান  
 উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা  
 ও সভাপতি  
 স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কমিটি  
 বটিয়াঘাটা, খুলনা।  
 তারিখ:-০১/০৭/২০২১খ্রিঃ।

স্মারক নং:-উপপঅ/বটি/খুল/স্বা.ও পপক-২১/২০২১/ ১৬০/১  
 অনুলিপি

১. উপপরিচালক, পরিবার পরিকল্পনা, খুলনা।
২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।
৩. উপজেলা নির্বাহী অফিসার, বটিয়াঘাটা, খুলনা।
৪. উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।
৫. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বটিয়াঘাটা, খুলনা।
৬. চেয়ারম্যান, গঙ্গারামপুর ইউনিয়ন পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।
৭. জনাব বিউটি রাণী বিশ্বাস, সদস্য, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কমিটি, বটিয়াঘাটা, খুলনা।
৮. অফিস নথি।

  
 ২১৭১২১  
 (সেলিনা খাতুন)  
 উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা  
 বটিয়াঘাটা, খুলনা ও সদস্য সচিব  
 স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কমিটি  
 বটিয়াঘাটা, খুলনা।